গ্রামীণ ব্যাংকে হামলার ঘটনায় জড়িতদের বিচার দাবি ইউনূসের



ড. ইউনুস। ছবি: সংগৃহীত

গ্রামীণ ব্যাংকের বিভিন্ন শাখায় ধারাবাহিক অগ্নিসংযোগ ও হামলার ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছেন নোবেলজয়ী অধ্যাপক মুহাম্মদ ইউনূস। এসব ঘটনায় জড়িত ব্যক্তিদের দ্রুত বিচারের আওতায় আনার আহ্বান জানিয়েছেন তিনি।

সোমবার (২৩ নভেম্বর) নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া বিবৃতিতে ইউনূস বলেন, নভেম্বরের শুরু থেকে প্রায় প্রতিদিনই পেট্রোল বোমা ছুড়ে ব্যাংকের শাখায় হামলা চালানো হচ্ছে। তাঁর দাবি, শুধু চলতি মাসেই দেশের প্রায় ১০০টি শাখায় হামলা হয়েছে। ব্যাংকের অভ্যন্তরীণ হিসাব অনুযায়ী, ১০ থেকে ২৩ নভেম্বর পর্যন্ত ৯৭টি শাখা ও কার্যালয়ে হামলার ঘটনা নথিভুক্ত হয়েছে।

ইউনূস জানান, গ্রামীণ ব্যাংকের ১ কোটি ১০ লাখ ঋণগ্রহীতার ৯৭ শতাংশই নারী। ব্যাংকটির ৯০ শতাংশ শেয়ারের মালিক ঋণগ্রহীতারা এবং বাকি ১০ শতাংশের মালিক সরকার। ২০১১ সালে ব্যবস্থাপনা পরিচালকের পদ থেকে অপসারণের পর ব্যাংকের পরিচালনা বা ব্যবস্থাপনায় তাঁর কোনো সম্পৃক্ততা নেই বলেও উল্লেখ করেন তিনি।

বিবৃতিতে আরও বলা হয়, চট্টগ্রামে ইউনূসের নিজের বাড়িও হামলার লক্ষ্যবস্তু হয়েছে। সেখানে তাঁর দুই ছোট ভাই পরিবার নিয়ে থাকেন। একই ধারাবাহিকতায় সংসদ সদস্য নুসরাত তাবাসসুমের বাড়ি, বিএনপির তিন সংসদ সদস্যের বাড়ি এবং তিনটি থানায় অগ্নিসংযোগের ঘটনাও উল্লেখ করেন তিনি। ব্যাংকের মালিক, কর্মকর্তা-কর্মচারী ও নথিপত্রের নিরাপত্তায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কাছে বাড়তি সুরক্ষা চাওয়া হয়েছে বলেও জানান ইউনূস।

গ্রামীণ ব্যাংকের প্রতিষ্ঠার ৫০ বছর এবং নোবেল শান্তি পুরস্কার অর্জনের ২০ বছর উদযাপনের প্রসঙ্গ তুলে ইউনূস বলেন, দরিদ্র নারীদের মালিকানাধীন এই প্রতিষ্ঠান রক্ষা করা জরুরি। হামলা বন্ধ, জড়িতদের দ্রুত বিচার এবং ব্যাংকটির নিরাপত্তা নিশ্চিত করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান তিনি।